

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল

বরুড়া, কুমিল্লা।

**কি কি সেবা কিভাবে প্রদান করা হয় :**

- ০১। গবাদিপশুর চিকিৎসা প্রদান : প্রতি কার্যদিবসে প্রাণী চিকিৎসা শাখায় ভেটেরিনারি সার্জন বরাবর মৌখিক অথবা লিখিত আবেদন এর মাধ্যমে এই সেবা পাওয়া যাবে। এছাড়াও অফিস সময়ের পর সরকার নির্ধারিত মূল্যে এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বাড়ি গিয়েও চিকিৎসা সেবা প্রদান করা হয়।
- ০২। গবাদিপশুর কৃত্রিম প্রজনন : প্রতি কার্যদিবসে কৃত্রিম প্রজনন শাখায় উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এ/আই) এবং ইউনিয়ন এ/আই পয়েন্টে সরকারি সেবামূল্যে কৃত্রিম প্রজনন টেকনিশিয়ানদেও মাধ্যমে গাভী গরম হওয়ার পর ১২-২০ ঘন্টার মাধ্যমে এই সেবা গ্রহন করতে হয়। ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে যেকোনদিন বাড়িতেও প্রজনন সেবা প্রদান করা হয়।
- ০৩। গবাদিপশু ও হাঁস-মুরগির টিকাদান : টিকা প্রাপ্তি সাপেক্ষে প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরেও সম্প্রসারণ শাখায় উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) এর নিকট মৌখিক/লিখিত আবেদনের মাধ্যমে সরকারি সেবামূল্যে এই সেবা প্রদান করা হয়। ইউনিয়ন কল্যাণ কেন্দ্র, ভ্যাকসিনেশন ক্যাম্প, সেবা দিবস আয়োজনের মাধ্যমেও এই সেবা প্রদান করা হয়।
- ০৪। কৃষক/খামারি প্রশিক্ষণ : প্রয়োজনীয় বরাদ্দ সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রম নোটিশ প্রদানের মাধ্যমে অথবা বিভিন্ন নির্ধারিত কমিটির অনুমোদিত তালিকা মোতাবেক প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ক্ষেত্রে হালনাগাদ নিবন্ধনকৃত খামারীদেও অগ্রাধিকার প্রদান করা হয়।
- ০৫। উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ : প্রতি কার্যদিবসে কৃত্রিম প্রজনন শাখায় উপসহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এ/আই) অথবা এ.আই পয়েন্টের কৃত্রিম প্রজনন টেকনিশিয়ানদেও হতে বিনামূল্যে উন্নত জাতের ঘাসের কাটিং সংগ্রহ করা যায়।
- ০৬। খামার নিবন্ধন : প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে বাণিজ্যিক খামার নিবন্ধন এর আবেদন করতে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে নিবন্ধন সার্টিফিকেট প্রদান করা হয়। একই নিয়মে উক্ত নিবন্ধন প্রতি বছরে নবায়ন করতে হয়।
- ০৭। পশুখাদ্যে বিক্রয়ের লাইসেন্স প্রদান : প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে পশু খাদ্য বিক্রয় লাইসেন্স এর আবেদন করতে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়। একই নিয়মে উক্ত লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হয়।
- ০৮। মাংস প্রক্রিয়াজাতকারীদের লাইসেন্স প্রদান : প্রতি কার্যদিবসে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে মাংস প্রক্রিয়াজাতকরণের লাইসেন্স এর আবেদন করছে হয়। আবেদনের ৩০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়। একই নিয়মে উক্ত লাইসেন্স প্রতি বছরে নবায়ন করতে হবে।
- ০৯। ক্ষতিপূরণ প্রদান/প্রনোদনা প্রদান : সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে সময়ে সময়ে ক্ষতিগ্রস্ত খামারীদের নির্ধারিত কমিটির অনুমোদন ক্রমে ক্ষতিপূরণ/প্রনোদনা প্রদান করা হয়।
- ১০। দুর্যোগকালীন জরুরী সেবা প্রদান : দুর্যোগ আক্রান্ত এলাকায়, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে জরুরী টিম প্রেরণ করে গবাদিপশু ও হাঁস-মুরগির প্রয়োজনীয় সেবা প্রদানের ব্যবস্থা করা হয়।